

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২৬

পর্ব ২১: খাদ্য (ইআন । كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن أَنَسٍ قَالَ: أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِتَمْرٍ عَتِيقٍ فَجَعَلَ يُفَتِّشُهُ وَيُخْرِجُ السُّوسَ مِنْهُ. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

8২২৬-[৬৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে পুরাতন খেজুর পেশ করা হলো। তিনি তা খুঁটতে এবং তা হতে পোকা বের করতে লাগলেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩৮৩২, সহীহ ইবনু মাজাহ ৩৩৩৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫০৩০, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১১৩, শু'আবুল ঈমান ৫৮৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আল্লামা আল কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ ত্ববারানী (রহিমাহুল্লাহ) হাসান সূত্রে মারফূ 'ভাবে ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খেজুরে কিছু লেগে থাকলে তা দূর করতে খেজুরে ফুঁ দিতে নিষেধ করেছেন। এখানে নিষেধাজ্ঞা দ্বারা নতুন খেজুর উদ্দেশ্য যাতে কোন ধরনের অনিষ্টতার উদয় না হয়। অথবা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে ফুঁ দিয়েছেন বৈধতা প্রমাণের জন্য এবং নিষেধাজ্ঞা দ্বারা মাকরহ তানযীহী উদ্দেশ্য। ('আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 74949$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন